

## এটিপিকাল স্কেপী

নতুন বৈজ্ঞানিক পরীক্ষার ফলে, এটিপিকাল স্কেপী নামে ভেড়ার একটা নতুন অসুখ সম্প্রতি শনাক্ত করা হয়েছে। ভেড়ার 'ক্লাসিকাল' স্কেপী নামের অসুখ (এটা 200 বছরেরও বেশীদিন ধরে হয়ে চলেছে এবং এতে মানুষের কোন ক্ষতি হয় বলে জানা নেই) এবং গরুর বিএসই-এর (BSE) (যেটার থেকে প্রাণনাশক ভ্যারিয়ান্ট সিজোডি মানুষের হতে পারে) মত একই অসুখের পরিবার থেকে এসেছে।

এটিপিকাল স্কেপী, বিএসই নয়, এবং এটা যে মানুষের দেহে সংক্রামিত হতে পারে বা এর থেকে মানুষের কোন ঝুঁকি থাকতে পারে, তার কোন বিজ্ঞানসম্মত প্রমাণ নেই। তবে, কোন ঝুঁকি যে নেই তাও নিশ্চিত ভাবে বলা যাবে না।

এই এজেন্সী, এবং ইউরোপ জুড়ে অন্যান্য প্রতিষ্ঠানগুলি, এটিপিকাল স্কেপীর বিষয়ে গবেষণার ব্যবস্থা করছে। কিন্তু, কোন ফলাফল সম্বন্ধে নিশ্চিত হতে বহু বছর সময় লাগতে পারে।

খোলা ও স্বচ্ছ হওয়ার প্রতিশ্রুতির অংশ হিসাবে, এটিপিকাল স্কেপী সংক্রান্ত এই গবেষণার আধুনিকতম ফলাফল সম্বন্ধে অথবা নতুন কোন তথ্য পাওয়া গেলে, এই এজেন্সী ফ্রেতাদের সে বিষয়ে অবগত রাখবে।

2006 সালের মার্চ মাসে এই এজেন্সীর বোর্ড তাদের খোলা মীটিংয়ে, এটিপিকাল স্কেপী সম্বন্ধে আলোচনা করেছেন। জুন 2006-এর খোলা মীটিংয়ে, এই বোর্ড, এই এজেন্সীকে বলেছেন যে এটিপিকাল স্কেপী সম্বন্ধে আমরা যা জানি সেই সাম্প্রতিক তথ্য, সব ফ্রেতা ও স্টেকহোল্ডারদের (যাদের একটা স্বার্থ আছে) জানাতে।

এটিপিকাল স্কেপী সম্বন্ধে এই এজেন্সী সাম্প্রতিক কালে যা বুঝতে পেরেছে তার সংক্ষিপ্তসার নিচে দেওয়া হয়েছে। বৈজ্ঞানিক, ফ্রেতাদের সংস্থা এবং শিল্পের সংস্থাগুলির সাথে পরামর্শ করে এই সংক্ষিপ্তসারটি লেখা হয়েছে।

- সারা ইউরোপ জুড়ে ভেড়ার মধ্যে এটিপিকাল স্কেপী শনাক্ত করা হয়েছে। ইউরোপের বাইরে এটা কতটা তা জানা নেই। ইউরোপের দেশগুলি এটিপিকাল স্কেপীর জন্য ব্যাপকভাবে পরীক্ষা করে। ইউরোপের বাইরের ভেড়া উৎপাদনকারী দেশগুলি তা করে না।
- বৈজ্ঞানিকরা আন্দাজ করেন যে গ্রেট ব্রিটেন-এর ভেড়ার খুব কম অংশেই (400-এর মধ্যে 1টির মত ক্ষেত্রে) এই অসুখ সংক্রামিত হয়েছে।
- এটিপিকাল স্কেপীর মত একই ধরনের অসুখের মধ্যে পড়ে 'ক্লাসিকাল' স্কেপী, যেটা বহু শত বছর ধরে রয়েছে ও মানুষের মধ্যে সংক্রামিত হয়েছে বলে জানা নেই, এবং গরুর বিএসই, যেটা মানুষের মধ্যে সংক্রামিত হতে পারে ও তখন এটাকে ভ্যারিয়ান্ট সিজোডি (vCJD) বলা হয়। এইসব অসুখগুলির সংক্রমণ ও রোগলক্ষণ প্রকাশের অন্তর্বর্তী কালটা বহু দিন হতে পারে। কিন্তু, এগুলির থেকে পশুর মগজের অপরিবর্তনীয় ক্ষতি হয় এবং মৃত্যু ঘটে। ভ্যারিয়ান্ট সিজোডির সংক্রমণে লোকেরও মৃত্যু হয়।
- বৈজ্ঞানিকরা এখনও পর্যন্ত কোন প্রমাণ পাননি যে এটিপিকাল স্কেপী মানুষের দেহে সংক্রামিত হতে পারে অথবা এটা লোকের পক্ষে বিপজ্জনক। কিন্তু অনেকে বিশ্বাস করেন যে তত্ত্ব হিসাবে দেখতে গেলে, এর থেকে একটা ঝুঁকি থাকা সম্ভব।
- ইউরোপের বেশ কিছু প্রতিষ্ঠানের মধ্যে, ইউনাইটেড কিংডম-এর ফুড স্ট্যান্ডার্ডস এজেন্সী এবং ডিপার্টমেন্ট ফর এনভায়রনমেন্ট, ফুড এ্যান্ড রুরাল এ্যাফেয়ারস (DEFRA) রয়েছে, যারা এটিপিকাল স্কেপীর বিষয়ে গবেষণার জন্য অর্থ সাহায্য করছে। এটিপিকাল স্কেপী মানুষের কাছে একটা ঝুঁকি হতে পারে কিনা তা নির্ধারণ করার উদ্দেশ্যে, এই গবেষণায় বিভিন্ন রকমের পরীক্ষা নিরীক্ষার উপায় ব্যবহার করা হচ্ছে।

- বাচ্চা ভেড়া, মার্টিন (ভেড়ার মাংস), ছাগলের মাংস এবং এইসব পশু থেকে উৎপাদিত খাদ্য খাওয়ার ব্যাপারে এই এজেন্সী লোককে তাদের খাওয়ার অভ্যাস পালটানোর উপদেশ দিচ্ছে না।
- বিএসই-এর থেকে আমাদের রক্ষা করার উদ্দেশ্যে কিছু ব্যবস্থা ইতিমধ্যেই নেওয়া হয়েছে। যেমন, যদিও কোন ভেড়াতে বিএসই পাওয়া যায়নি, তবুও সাবধান থাকার ব্যবস্থা হিসাবে, এই জন্তুগুলির অনেক অংশই পেলে দেওয়া হয় এবং আমাদের খাবারের মধ্যে ঢুকতে দেওয়া হয় না। কোন পশুর এই অসুখ থাকলে, এই অংশগুলিতেই সংক্রমণ থাকার সম্ভাবনা সবচেয়ে বেশী।
- এট্রিপিকাল স্কেপীর থেকে মানুষের ঝুঁকি থাকার কথা জানা গেলে, এই এজেন্সী অন্য ব্যবস্থার কথা বিবেচনা করে দেখবে।
- এট্রিপিকাল স্কেপী সংক্রামিত ভেড়ার থেকে মানুষের যদি কোন ঝুঁকি থেকে থাকে, তাহলে বয়স্ক পশুর থেকে তা সংক্রমণ হওয়ার সম্ভাবনা অপেক্ষাকৃত বেশী থাকবে। এটাও হিসাব করে দেখা গেছে যে ভেড়ার স্কেপী (এবং যেখানে পরীক্ষামূলকভাবে সংক্রামিত করা হয়েছে, সেখানে বিএসই) হলে, যেখানে অন্ত্রনালী দিয়ে সসেজের খোলস (কেসিং) তৈরী করা হয়েছে, সেই অন্ত্রনালীকে সম্পূর্ণভাবে সংক্রমণ মুক্ত করা সম্ভব হবে না। এটা এট্রিপিকাল স্কেপীর ক্ষেত্রেও প্রযোজ্য হতে পারে।
- যদিও এট্রিপিকাল স্কেপীর থেকে মানুষের কোন ঝুঁকি নাও থাকতে পারে, তবুও যারা সাবধান থাকার জন্য অতিরিক্ত ব্যবস্থা নিতে চান, তারা হয়ত অপেক্ষাকৃত বেশী বয়সের ভেড়ার মাংস (মার্টিন) অথবা ভেড়ার অন্ত্রনালীর ভেজা চামড়ায় (কেসিংয়ে) ঢাকা সসেজ খাওয়া বন্ধ করার সিদ্ধান্ত নিতে পারেন। আগে থেকে প্যাক করা সব সসেজের লেবেলে বলা হয় না যে তাদের খোলস বা 'কেসিং' কিসের থেকে তৈরী করা হয়েছে। তবে কোন কোন লেবেলে এই তথ্য দেওয়া থাকে এবং আপনার বুচারও (মাংস বিক্রেতাও) হয়ত আপনাকে বলতে পারবেন যে তাদের সসেজগুলিতে কি খোলস ব্যবহার করা হয়েছে।
- এই এজেন্সী এই ধরনের ব্যবস্থা নেওয়ার জন্য সুপারিশ করছে না এবং স্বীকার করে যে সবসময় জানা সম্ভব নয় যে মাংসটা অপেক্ষাকৃত বেশী বয়সের ভেড়ার থেকে এসেছে কিনা।
- ব্রিটেনে যে ভেড়ার মাংস খাওয়া হয় তার বেশীরভাগই হচ্ছে বাচ্চা ভেড়ার মাংস। অপেক্ষাকৃত বেশী বয়সের ভেড়ার মাংস (মার্টিন) হচ্ছে সমস্ত ভেড়ার বাজারের 20%-এর সামান্য কম। প্রতি বছর প্রায় 6000 ছাগলের মাংস ইউনাইটেড কিংডম-এর খাদ্যের মালার মধ্যে ঢোকে। তাছাড়াও, ছাগলের মাংস আমদানী করা হয় এবং 2005 সালে এর পরিমাণ ছিল 420 টন।
- গল্প কথার প্রমাণে মনে হয় যে অন্যান্য সম্প্রদায়ের লোকদের তুলনায়, ইউনাইটেড কিংডম-এর ভারতীয় ও পাকিস্তানী সম্প্রদায়গুলি অপেক্ষাকৃত বেশী পরিমাণ মার্টিন খান। একই ধরনের গল্প কথার প্রমাণ রয়েছে যে ইউনাইটেড কিংডম-এর আফ্রিকান ও ক্যারিবিয়ান সম্প্রদায়গুলি তুলনামূলকভাবে অপেক্ষাকৃত বেশী পরিমাণ ছাগলের মাংস খান।

## এই গল্পের পিছনের বিজ্ঞান

এট্রিপিকাল স্কেপী: এর বিজ্ঞান

- এট্রিপিকাল স্কেপী সংক্রান্ত গবেষণা, তাড়াতাড়ি কোন উত্তর দিতে পারবে না। কোন কোন গবেষণার থেকে ফলাফল পেতে হয়ত বহু বছর সময় লাগতে পারে এবং তখনও সেই ফলাফল পরিষ্কার না হতে পারে। সেইজন্য, জনসাধারণকে উপদেশ দেওয়ার সময়, এই এজেন্সী বিশেষজ্ঞ বৈজ্ঞানিক উপদেষ্টাদের মতামতের উপর নির্ভর করে চলবে।

- ট্রান্সমিসেবল স্পঞ্জিফর্ম এনকেফ্যালোপ্যাথীজ্ (TSEs) নামের কতগুলি মাথার অসুখে, গরু, ভেড়া ও ছাগল সহজেই আক্রান্ত হতে পারে। এই ধরনের অসুখের মধ্যে গরুর বিএসই-এর কথা লোকে সবচেয়ে বেশী জানে। আর একটা হচ্ছে 'ক্লাসিকাল' স্কেপী, যোটা কয়েক শ' বছর ধরে রয়েছে এবং মানুষের দেহে সংক্রামিত হয় বলে জানা নেই।
- স্পঞ্জিফর্ম এনকেফ্যালোপ্যাথী এ্যাড্‌ভাইজরী কমিটি (SEAC) নামের যে স্বাধীন বৈজ্ঞানিক বিশেষজ্ঞ উপদেষ্টা কমিটি এই এজেন্সীকে উপদেশ দেয়, তারা কোন প্রমাণ পাননি যে মানুষের পক্ষে এটিপিকাল স্কেপী ক্ষতিকারক। কিন্তু তারা এটাও বুঝিয়ে বলেছেন যে কাগজেকলমে এরকম একটা ঝুঁকি থাকা সম্ভব, কাজেই সেটা একেবারে বাদ দেওয়া যায় না।
- 1999 সাল থেকে, স্পঞ্জিফর্ম এনকেফ্যালোপ্যাথী এ্যাড্‌ভাইজরী কমিটির একটা ভেড়া সংক্রান্ত সাব-গ্রুপ রয়েছে। এরা ভেড়া ও ছাগলের মধ্যে ট্রান্সমিসেবল স্পঞ্জিফর্ম এনকেফ্যালোপ্যাথীর সম্বন্ধে গবেষণা ও লক্ষ্য রাখার কার্যক্রমের অগ্রগতি বিচার করে দেখে এবং আরও কাজ করার দরকারের জন্য সুপারিশও করতে পারে।
- স্পঞ্জিফর্ম এনকেফ্যালোপ্যাথী এ্যাড্‌ভাইজরী কমিটির ভেড়া সংক্রান্ত সাব-গ্রুপের মতে, অতীতে সংগ্রহ করা নমুনাগুলির ওপর নতুন পরীক্ষা করার মাধ্যমে - নির্ধারণের চেষ্টা করা গুরুত্বপূর্ণ যে এটিপিকাল স্কেপীর অস্তিত্ব কি কিছুকাল ধরেই ছিল, না এটা একটা নতুন অসুখ, এবং এটিপিকাল স্কেপীর ব্যাপকতার পরিবর্তন হচ্ছে কিনা তা নির্ধারণের জন্য লক্ষ্য রাখার কাজ বজায় রাখা।
- সম্প্রতি দেখানো সম্ভব হয়েছে যে পরীক্ষামূলকভাবে এটিপিকাল স্কেপী হুঁদুর ও ভেড়ার মধ্যে সংক্রামিত করা যায়। সেইজন্য, এই সাব-গ্রুপটি বুঝিয়ে বলেছে যে মানুষের দেহে এটিপিকাল স্কেপী সংক্রামিত হওয়ার সম্ভাবনাকে অবশ্যই বিবেচনা করে দেখতে হবে। যে গবেষণাগুলি এই সম্ভাবনার বিষয়ে তথ্য সরবরাহ করবে, সেগুলি সম্পূর্ণ করতে বেশ কয়েক বছর সময় লাগবে।
- স্পঞ্জিফর্ম এনকেফ্যালোপ্যাথী এ্যাড্‌ভাইজরী কমিটির ভেড়া সংক্রান্ত সাব-গ্রুপ বুঝিয়ে বলেছে যে ভেড়ার লিস্ফ নোডের মধ্যে এটিপিকাল স্কেপী আছে কিনা, এবং বিভিন্ন ধরনের ভেড়ার মধ্যে কোন তফাৎ আছে কিনা তা পরিষ্কারভাবে জানানোটা অত্যন্ত জরুরী। এই টিঙ্গুগুলি বর্তমানে স্পেসিফাইড রিস্ক মোটোরিয়ালের (SRM) জন্য বাধ্যতামূলক নিয়মকানূনের আওতায় পড়ে না। খুব শীগগিরই এই এজেন্সী এগুলির বিষয়ে গবেষণার ব্যবস্থা করবে। তবে, এই গবেষণায় ব্যবহারের জন্য এটিপিকাল স্কেপী সংক্রামিত ভেড়ার টিঙ্গুর অভাব রয়েছে, এবং এই জিনিষটি উৎপাদন করার জন্য কিছু প্রাথমিক কাজ করার দরকার হতে পারে।

### **ট্রান্সমিসেবল স্পঞ্জিফর্ম এনকেফ্যালোপ্যাথী-এর (TSEs) বিরুদ্ধে প্রতিরক্ষামূলক সতর্কতার বর্তমান ব্যবস্থা**

যদিও ইউনাইটেড কিংডম-এ কোন ভেড়ার মধ্যে বিএসই পাওয়া যায়নি, তবুও, তত্ত্ব হিসাবে দেখানো ভেড়া বিএসইর ঝুঁকির থেকে ফ্রেতাদের রক্ষা করা উদ্দেশ্যে কয়েকটি সতর্কতামূলক ব্যবস্থা কিছুদিন ধরেই নেওয়া হয়েছে। এই ব্যবস্থাগুলির মধ্যে রয়েছে:

- পশুটির থেকে স্পেসিফাইড রিস্ক মোটোরিয়াল (SRM) নামের কিছু নির্দিষ্ট অঙ্গ বাদ দেওয়া এবং খাবারের মধ্যে এই অঙ্গগুলি থাকা নিষিদ্ধ করা। যে ক্ষেত্রে ভেড়ার এটিপিকাল স্কেপী অসুখটা রয়েছে, স্পেসিফাইড রিস্ক মোটোরিয়াল বাদ দেওয়ার ফলে, সেইসব ক্ষেত্রে এই অসুখের সংক্রমণ ক্ষমতার বেশীরভাগটাই আমাদের খাবারের মধ্যে ঢুকতে পারবে না। ভেড়া ও ছাগলের যেসব অংশ স্পেসিফাইড রিস্ক মোটোরিয়াল বলে এখনই বাদ দেওয়া হয়, তার মধ্যে আছে (সব বয়সের) প্লীহা; আইলীয়াম; (12 মাসের বেশী বয়সের অথবা একটা স্থায়ী ইনসাইজার দাঁত বেড়ানোর পর): মগজ ও চোখ সমেত মাথা; টনসিল; মেরুদণ্ড।

- খাদ্য নিষিদ্ধ করা - পশুজাত প্রোটিন পশুদের খাদ্যের মধ্যে দেওয়া নিষিদ্ধ করার মাধ্যমে, স্কেপী বা বিএসইর ছড়ানো প্রতিরোধ করা যায়। এতে, খাদ্যের মাধ্যমে এন্টিপিকাল স্কেপী ছড়ানোও বন্ধ হবে।
- বাধ্যতামূলকভাবে জানানো - কোন ক্ষেত্রে ট্র্যান্সমিসেবল স্পঞ্জিফর্ম এনকেফ্যালোপ্যাথী সন্দেহ করলে, তা অবশ্যই জানাতে হবে। এগুলিকে তখন কনফার্মেটরী (নিশ্চিত করার) পরীক্ষা করা হবে এবং এর ফলাফল যদি ইতিবাচক হয়, তাহলে ডিফারেন্সিয়াল (তফাৎ নির্ণয় করার) পরীক্ষা করা হবে।
- ডিফারেন্সিয়াল ট্র্যান্সমিসেবল স্পঞ্জিফর্ম এনকেফ্যালোপ্যাথীর পরীক্ষা - এ্যাভাট্যারে (কসাইথানায়) জবাই করা 18 মাসের বেশী বয়সের সব ভেড়া ও ছাগলের জন্য, একটা এলোপাথাডি নমুনা নেওয়া হয় এবং ফার্মগুলিতে যেসব পশুর মৃত্যু হয়, তার বেশীরভাগকেই ট্র্যান্সমিসেবল স্পঞ্জিফর্ম এনকেফ্যালোপ্যাথীর জন্য পরীক্ষা করা হয়। যেসব নমুনাগুলির ফলাফলে ট্র্যান্সমিসেবল স্পঞ্জিফর্ম এনকেফ্যালোপ্যাথী পাওয়া যায়, সেগুলিকে আরও পরীক্ষা করে নির্ধারণ করা হয় যে তাদের বিএসই, ক্লাসিকাল স্কেপী না এন্টিপিকাল স্কেপীর শ্রেণীভুক্ত করা হবে।
- ট্র্যান্সমিসেবল স্পঞ্জিফর্ম এনকেফ্যালোপ্যাথী পাওয়ার পরে পশুদের বংশবৃদ্ধি/মেরে ফেলার কার্যক্রম - একটা মহামারী সংক্রান্ত পরীক্ষা করা হয়। স্কেপী হয়ে থাকলে, বর্তমান আইন অনুসারে, শনাক্ত করা দলের পশুদের হয় মেরে ফেলা হয় নয়ত তাদের জেনোটাইপ করা হয় এবং যেসব পশুদের জেনোটাইপ প্রতিরোধক ক্ষমতা নেই, সেগুলিকে মেরে ফেলা হবে। ইউরোপীয়ান কমিশনের ট্র্যান্সমিসেবল স্পঞ্জিফর্ম এনকেফ্যালোপ্যাথী রোড ম্যাপের মধ্যে ছোট রোমস্ককদের মারার নীতির পুনর্বিচার করে দেখাটা রয়েছে। এই পুনর্বিচারের ফলাফল না জানা পর্যন্ত বর্তমানে ইউনাইটেড কিংডম-এ, এন্টিপিকাল স্কেপী সম্পন্ন দলগুলিকে বাধ্যতামূলকভাবে মেরে ফেলা বা তাদের ওপর জেনোটাইপের নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রয়োগ করা হচ্ছে না। কিন্তু স্বেচ্ছামূলকভাবে এই দলগুলির ওপর নজর রেখে একটা অনুসন্ধানের কাজ করা হচ্ছে।

### সম্ভাব্য অতিরিক্ত সতর্কতামূলক ব্যবস্থা

যদিও এটা হওয়ার সম্ভাবনা খুব কমই রয়েছে, তবুও যদি দেখা যায় যে এন্টিপিকাল স্কেপীর থেকে মানুষের ঝুঁকি রয়েছে, তাহলে হয়ত এই এজেন্সী অতিরিক্ত ব্যবস্থা নেওয়ার কথা বিবেচনা করে দেখবে। এই ব্যবস্থাগুলির মধ্যে যা থাকতে পারে তা হচ্ছে:

- খাদ্য সরবরাহের মধ্যে অপেক্ষাকৃত বেশী বয়সের ভেড়ার মাংস ঢোকা সম্পূর্ণভাবে নিষিদ্ধ করে দেওয়া।
- স্পেসিফাইড রিস্ক মোটরিয়ালের তালিকা বাড়িয়ে, অন্যান্য যে ট্রিশুতে স্কেপী সংক্রমণ করার ক্ষমতা রয়েছে (যদিও এটা স্বীকার করা হচ্ছে যে খাওয়ার উপযুক্ত কিছু ট্রিশুর সংলগ্ন লিম্ফ নোডগুলি বাদ দেওয়া কঠিন হবে) সেগুলিকে এই তালিকার আওতায় আনা।
- অপেক্ষাকৃত বেশী বয়সের পশুদের ট্র্যান্সমিসেবল স্পঞ্জিফর্ম এনকেফ্যালোপ্যাথীর জন্য পরীক্ষা করা এবং শুধুমাত্র যেগুলিতে এই অসুখ পাওয়া যাবে না, সেই পশুগুলিকে খাদ্য সরবরাহের ক্ষেত্রে ঢুকতে দেওয়া হবে।